দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

22 2002

# তথ্য প্রযুক্তি শিক্ষা প্রতিষ্ঠানের মান যাচাই করবে সরকার

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক বলেছেন, সরকার এখন থেকে তথ্য প্রযুক্তি শিক্ষায় নিয়োজিত দেশী-বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার মান পর্যবেক্ষণ করবে। দেশে গত দশ বছরে বেসরকারী উদ্যোগে বহু তথ্য প্রযুক্তি শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম শুরু হলেও এর কোন সুফল প্রত্যক্ষ

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## তথ্যপ্রযুক্তি

(শেষ পৃষ্ঠার পর)

করা যাচ্ছে না। বাংলাদেশে তথ্য প্রযুক্তি শিল্প ও শিক্ষায় অগ্রগতি নিয়ে অনেক তর্ক-বিতর্ক হলেও দেশে উপযুক্ত জনশক্তির ভয়াবহ সংকট রয়েছে। এই সংকট মোকাবেলায় সরকারী উদ্যোগের পাশাপাশি বেসরকারী উদ্যোক্তাদেরও এগিয়ে আসতে হবে। গতকাল রবিবার সকালে ঢাকাস্থ ব্রিটিশ কাউন্সিলের উদ্যোগে ফুলার রোডস্থ মিলনায়তনে তিনদিনব্যাপী আইটি কোয়ালিফিকেশন অ্যাট ইউকে ফেয়ারের উদ্বোধনকালে শিক্ষামন্ত্রী একথা বলেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বক্তৃতাকালে ব্রাক বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, তথ্য যোগাযোগ প্রযুক্তি বর্তমানে আমাদের প্রাত্যহিক জীবনের অংশ হয়ে দাঁড়িয়েছে। সরকারী-বেসরকারী কর্মকাণ্ডে 'কম্পিউটারায়ন' তথা ই-গভর্নেন্স চালুর মাধ্যমে সকল প্রকার কর্মকাণ্ড দ্রুততর ও সহজসাধ্য করা ছাড়া বর্তমানে আর কোন বিকল্প নেই। সরকার ২০০৬ সাল নাগাদ প্রতি বছর ১০ হাজার দক্ষ তথ্য প্রযুক্তিবিদ তৈরী করার পরিকল্পনা নিয়েছে। এই লক্ষ্যে এখন থেকেই উদ্যোগ না নিলে পরিকল্পনা কল্পনাতেই থেকে যাবে। দেশে তথ্য প্রযুক্তি শিক্ষায় পূর্ণাঙ্গ কারিকুলাম প্রণয়নেও আশু উদ্যোগ নিতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বক্তব্য রাখেন বাংলাদেশ কম্পিউটার সোসাইটির সভাপতি অধ্যাপক আর আই শরীফ, ঢাকাস্থ ব্রিটিশ হাই কমিশনের কর্মকর্তা এণ্ড্র ম্যাকস্টার, ব্রিটিশ কাউন্সিলের ভারপ্রাপ্ত পরিচালক চার্লস নাটাল, যুক্তরাজ্যের তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শক মিসেস সারোয়ার সাদেক, দেব শৌন. প্রমুখ। মেলা আগামীকাল মঙ্গলবার পর্যন্ত চলবে। আজ সোমবার মেলায় অংশগ্রহণকারী তথ্য প্রযুক্তি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মাঝে প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় ১ম স্থান অর্জনকারীকে বিনা খরচায় ২ সপ্তাহের জন্যে যুক্তরাজ্যে ভ্রমণের সুযোগ দেয়া হবে। মেলা সকলের জন্যে উন্মুক্ত।